দৈনিক জনকণ্ঠ

তারিখ ১৮ JUN 2017 পৃষ্ঠা ৬ কলাম ৬

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের বাজেট গৃহীত

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯তম বার্ষিক সিনেট অধিবেশন শনিবার অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ও সিনেট চেয়ারম্যান প্রফেসর ড. হারুন-অর-রশিদের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে সিনেট হলে এ অধিবেশন অনুষ্ঠিত হয়। সিনেটের অধিবেশনে ২০১৬-১৭ অর্থবছরের জন্য ২৮৯ কোটি ৪০ লাখ ২০ হাজার টাকার সংশোধিত বাজেট এবং ২০১৭-১৮ অর্থবছরের জন্য ২৭৪ কোটি ৫২ লাখ ৯৬ হাজার টাকার রাজস্ব ও ১৪৮ কোটি ২৫ লাখ টাকার উন্নয়ন বাজেট পেশ করা হয়, যা সিনেট কর্তৃক গৃহীত হয়। অধিবেশনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, প্রফেসর ড. মশিউর রহমানসহ মোট ৫১ জন সদস্য উপস্থিত ছিলেন। এদের মধ্যে হুইপ মোঃ শহীদুজ্জামান সরকার এমপি, ধীরেন্দ্র দেবনাথ শম্ভু এমপি, মোঃ মোতাহার হোসেন এমপি, বেগম হেপী বড়াল এমপি, প্রফেসর ড. শরীফ এনামুল কবির, অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সিরাজ উদ্দীন আহমেদ, অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অধ্যাপক মাহবুবুর রহমান, বিভাগীয় কমিশনার (ময়মনসিংহ), ঢাকা বিভাগীয় কমিশনার হেলালুদ্দীন আহমদ, অতিরিক্ত সচিব মহিউদ্দিন খান, ড. ওয়াহিদুজ্জামান, সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. আনোয়ার হোসেন প্রমুখ বক্তব্য রাখেন।